



**Class- V**

**Sub- 2<sup>nd</sup> language (Bengali)**

**Time- 30minutes**

**Topic- Drama**

**Date- 02/06/2020**

**Worksheet-15**

নিচের নাটকটি ভালো করে পড়বে এবং তারপর শব্দার্থ ও বানান গুলি মুখস্থ করে একটি পৃষ্ঠায় না দেখে লিখবে, তারপর পৃষ্ঠাটি তারিখ অনুযায়ী যত্ন করে ফাইল-এ রেখে দেবে।

# অবাক জলপান

—সুকুমার রায়



(ছাতা মাথায় এক পথিকের প্রবেশ — পিঠে লাঠির আগায় লোটা বাঁধা পুটলি —  
উশকোখুশকো চুল — শ্রান্ত চেহারা)

পথিক : নাঃ, একটু জল না পেলে আর চলছে না। সেই সকাল থেকে হেঁটে আসছি, এখনো  
প্রায় এক ঘণ্টার পথ বাকি। তেঁটায় মগজের ঘিলু পর্যন্ত শুকিয়ে উঠল। কিন্তু জল  
চাই কার কাছে? গেরস্তের বাড়ি দুপুর রোদে দরজা এঁটে সব ঘুম দিচ্ছে, ডাকলে

সাড়া দেয় না। বেশি চেঁচাতে গেলে হয়তো লাঠি নিয়ে তেড়ে আসবে। পথেও তো লোকজন দেখছি। ওই একজন আসছে। ওকেই জিজ্ঞেস করা যাক।

❁❁ (ঝড়ি মাথায় এক ব্যক্তির প্রবেশ) ❁❁

পথিক : মশাই, একটু জল পাই কোথায় বলতে পারেন?

ঝড়িওয়ালা : জলপাই? জলপাই এখন কোথায় পাবেন? এ তো জলপাইয়ের সময় নয়! কাঁচা আম চান তো দিতে পারি।

পথিক : না, না, আমি তা বলিনি—

ঝড়িওয়ালা : না, কাঁচা আম আপনি বলেননি, কিন্তু জলপাই চাচ্ছিলেন কিনা। তা তো আর এখন পাওয়া যাবে না, তাই বলছিলাম—

পথিক : না হে, জলপাই চাচ্ছি নে।

ঝড়িওয়ালা : চাচ্ছেন না তো, 'কোথায় পাব', 'কোথায় পাব' করছেন কেন? খামোখা এরকম করবার মানে কী?

পথিক : আপনি ভুল বুঝেছেন, আমি জল চাচ্ছিলাম।

ঝড়িওয়ালা : জল চাচ্ছেন তো 'জল' বললেই হয়— 'জলপাই' বলবার দরকার কী? জল আর জলপাই কি এক হল? আলু আর আলুবোখরা কি সমান? মাছও যা আর মাছরাঙাও তাই? বরকে কি বরকন্দাজ বলেন? চাল কিনতে গেলে কি আর চালতার খোঁজ করেন?

পথিক : ঘাট হয়েছে মশাই। আপনার সঙ্গে কথা বলছি আমার অন্যায়ে হয়েছে।

ঝড়িওয়ালা : অন্যায়ে তো হয়েছেই। দেখছেন ঝড়ি নিয়ে যাচ্ছি, তবে জলই বা চাচ্ছেন কেন? ঝড়িতে করে কি জল নেয়? লোকের সঙ্গে কথা কইতে গেলে একটু বিবেচনা করে বলতে হয়।

(প্রস্থান)

স্বনিবৃত্ত্য :- 'জন্ম' শব্দটিকে নানাভাবে প্রয়োগ করে  
 অসঙ্গত হওয়ার সৃষ্টি করা হয়েছে নাটকটিতে।  
 স্রীম্মুর দুপুরে পথ চলতে চলতে প্রক পথিক ভ্রমায় কাগজ  
 হয়ে পরে, সেই ভ্রমার্ত পথিকের জন্ম থেকে চাপুয়াকে  
 কেন্দ্র করে নাট্য কাহিনির সূত্রপাত, প্রথমে যে কুড়ি  
 মাথায় নিয় প্রক ব্যক্তিকে দেখতে পায়। তার কাছে জন্মের  
 স্রোত করায় ব্যক্তিটি তাকে জন্মের 'সন্ধান' দিতে পারেননি,  
 উপরন্তু 'জন্মকে' 'জনপাই' বুঝে পথিককে কিছু কথা  
 স্বনিয়ৈ দেন, যা স্রীম্মুর হাথির উদ্দেশ্য করে।

শব্দার্থ :- নোট - ঘটি  
 উল্লঙ্ঘন - শ্রমোশ্রমো  
 জ্ঞান - ব্রহ্ম  
 ভেষ্টা - ভ্রমায়  
 স্রমায় - স্রমায়

বানান :- জেরদ্ভ                      আল্পবোধরা  
 ভেষ্টা                              চাচ্চিনেন  
 জ্ঞান  
 ডিক্লেটর  
 বরকন্দাজ

